



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/

/ময়মনসিংহ-১২৭/

তারিখঃ .০৪.২০১৯খ্রিঃ

**বিষয় :** ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

**সূত্র :** রিট পিটিশন নং-১৯৩২/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন ধুরুয়া ডি.এস. দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়ন সংক্রান্ত এ দপ্তরের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১২৭/৩১৭০/৮; তারিখ: ১২/১২/২০১৮ খ্রিঃ এর বিরুদ্ধে জনাব মোঃ মাকছুদুর রহমান নোমান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৯৩২/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উক্ত স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

রিট মামলাটি বোর্ডের তথা সরকার পক্ষে পরিচালনার জন্য মাদ্রাসার সুপারকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

*স্বাক্ষর*

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, ধুরুয়া ডি.এস. দাখিল মাদ্রাসা,  
ডাকঘর: খামারগাঁও, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ *৬২২৬/৭* /ময়মনসিংহ-১২৭/

তারিখঃ ০৪.০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৫. জনাব মোঃ মাকছুদুর রহমান, পিতা মৃত মোঃ সাইদুর রহমান (রিট পিটিশন নং-১৯৩২/২০১৯ এর বাদী)।  
ঠিকানা: গ্রাম: খামারগাঁও, পো: খামারগাঁও, নান্দাইল, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

*স্বাক্ষর*

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪